**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা-১৫৬/২০১৯-২০২০**
**ঢাকা ৩০ জানুয়ারি বৃহস্পতিবার ২০২০, ১৬ মাঘ ১৪২৬**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। উন্নয়ন সহযোগীরা খুব বেশি শর্ত না দিয়ে সহযোগিতা করবেন :
বিডিএফ-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর আশাবাদ
২। প্রধানমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্টের সাক্ষাৎ
৩। মাদকের বিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত থাকবে : সংসদে প্রধানমন্ত্রী
৪। আজ সরস্বতী পূজা : হিন্দু সম্প্রদায়কে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন
৫। প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন সংসদের মুজিবশতবর্ষ অনুষ্ঠান : স্পিকার
৬। করোনাভাইরাসে পদ্মাসেতুর কাজে বিঘ্ন হবে না : প্রেস ব্রিফিংয়ে সেতুমন্ত্রী
৭। বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের উন্নয়নে ৩২৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে : তথ্যমন্ত্রী
৮। করোনা ভাইরাসের ঝুঁকি এড়াতে চীন থেকে ফেরত আসা
উৎপাথিত বাংলাদেশিদের পর্যবেক্ষণে রাখা হবে : পররাষ্ট্রমন্ত্রী
৯। ঢাকা সিটি নির্বাচনের আনুষ্ঠানিক প্রচারণা শেষ হচ্ছে আজ : আজ ভোটকেন্দ্রে যাবে নির্বাচনি মালামাল
১০। প্রশ্নফাঁসের গুজবে কেউ কান দেবেন না :
বাংলাদেশ মেরিন একাডেমির কুচকাওয়াজ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের শিক্ষামন্ত্রী
১১। ছেলেমেয়েদের স্কুলজীবনেই স্বাস্থ্যশিক্ষায় সচেতন করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
১২। কারসাজি করে চালের বাজার অস্থিতিশীল করলে কঠোর ব্যবস্থা : খাদ্যমন্ত্রী
মূল্য নিয়ন্ত্রণে মনিটরিং টিম গঠন করেছে খাদ্য মন্ত্রণালয়
১৩। দেশে উৎপাদিত দুধেই চাহিদা পূরণ হবে : মুন্সীগঞ্জে প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী
১৪। গভীর সমুদ্রবন্দর হবে মাতারবাড়িতে : মহেশখালীতে নৌ প্রতিমন্ত্রী

**১। উন্নয়ন সহযোগীরা খুব বেশি শর্ত না দিয়ে সহযোগিতা করবেন : বিডিএফ-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর আশাবাদ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বর্তমান সরকার দেশের উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। সরকার আশা করে, উন্নয়ন সহযোগীরা খুব বেশি শর্ত না দিয়ে এসব ক্ষেত্রে সহযোগিতা করবেন। তিনি বলেন, আমরা যে কাজগুলো শুরু করেছি, সেগুলোকে টেকসই করতে চাই। আর সেটা করতে গেলে আর্থিক সঙ্গতি দরকার। এ ক্ষেত্রে আমি মনে করি, আমাদের উন্নয়ন সহযোগীরাও এগিয়ে আসবেন, সহযোগিতা করবেন। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে 'বাংলাদেশ উন্নয়ন ফোরাম (বিডিএফ)-২০২০'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২। প্রধানমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্টের সাক্ষাৎ**

সরকার সব ধরনের উন্নয়ন কাজ পরিকল্পিত উপায়ে পরিচালনা করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিশ্বব্যাংকের দক্ষিণ এশীয় অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট হাটউইগ শেফার সৌজন্য সাক্ষাতে এলে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, আমাদের লক্ষ্য হচ্ছে গ্রামীণ জনপদের মানুষের অর্থনৈতিক উন্নয়ন, গ্রামের মানুষ শহরের সুবিধা পাবে। **সূত্র- জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৩। মাদকের বিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত থাকবে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের তরুণ প্রজন্মই পারে একটি দেশের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে আমূল পরিবর্তন আনতে। দেশের কেউ বেকার থাকুক আমরা তা চাই না। আমরা যেসব কর্মসূচি নিয়েছি- সেখানে কারও বেকার থাকার সুযোগ নেই। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, আমাদের প্রতিটি কর্মপরিকল্পনাতেই যুব সমাজের জন্য ব্যাপক কর্মসংস্থানের ব্যবস্থা রাখা হচ্ছে। দেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চল গঠন করছি, সেখানেও বিপুল যুব সমাজের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। এছাড়াও, প্রধানমন্ত্রী বলেন, মাদকের বিরুদ্ধে আমরা অনেক আগে থেকেই অভিযান শুরু করেছি, এ অভিযান অব্যাহত থাকবে। পাশাপাশি মাদকের বিরুদ্ধে দেশব্যাপী ব্যাপক জনসচেতনতা সৃষ্টির চেষ্টা চালিয়ে যাচ্ছি। **সূত্র-ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.১)।

**৪। আজ সরস্বতী পূজা : হিন্দু সম্প্রদায়কে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

হিন্দু সম্প্রদায়ের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা আজ (৩০ জানুয়ারি বৃহস্পতিবার) । রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরস্বতী পূজা উপলক্ষে বাণী দিয়েছেন। পৃথক বাণীতে হিন্দু সম্প্রদায়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন তাঁরা। সূত্র-**সমকাল** ( শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** ( শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.১)।

**৫। প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন সংসদের মুজিবশতবর্ষ অনুষ্ঠান : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদ্‌যাপনে জাতীয় সংসদের পক্ষ থেকে বছরব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হবে। জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় এ অনুষ্ঠানের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদের শপথকক্ষে মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত বিশেষ সভায় তিনি এসব বলেন। **সূত্র- জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.১)।

**৬। করোনাভাইরাসে পদ্মাসেতুর কাজে বিঘ্ন হবে না : প্রেস ব্রিফিংয়ে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, চীনে ছড়িয়ে পড়া করোনাভাইরাসের কারণে পদ্মাসেতুর নির্মাণকাজে অসুবিধা হবে না। যেসব চীনা নাগরিক বাংলাদেশে আসছেন, তাদের পর্যবেক্ষণে রাখা হয়েছে। ইতোমধ্যে যারা এসেছেন, নিয়ম অনুযায়ী তাদের ১৪ দিন সব কার্যক্রমের বাইরে রাখা হয়েছে। পদ্মাসেতু প্রকল্পে প্রায় এক হাজার চীনা নাগরিক কাজ করেন। তাদের মধ্যে ১৫০ জন পালাক্রমে ছুটিতে থাকেন। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) সচিবালয়ে সমসাময়িক বিষয়ে প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**৭।	বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের উন্নয়নে ৩২৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে : তথ্যমন্ত্রী**

সিটি কর্পোরেশন নির্বাচন সুষ্ঠু হবে আশা করে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, জাতীয় নির্বাচনসহ দেশের কোনো নির্বাচনই সরকারের অধীনে হয় না। নির্বাচন কমিশনের অধীনে নির্বাচন হয়ে থাকে। এক্ষেত্রে সরকার নির্বাচন কমিশনকে বিভিন্ন ধরনের সহযোগিতা প্রদান করে থাকে। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশকে জাপান ও মালয়েশিয়ার মতো একটি উন্নত রাষ্ট্রে রূপান্তরিত করতে চেয়েছিলেন। আমরা তাঁর দেখানো পথেই হাঁটছি। আশা করছি ২০৪০ সালের আগেই বাংলাদেশকে আমরা পৃথিবীর মধ্যে এগিয়ে নিতে পারব। বঙ্গবন্ধুর হাত ধরে বাংলাদেশের চলচ্চিত্র জগতের যাত্রা শুরু হয়েছিল উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন সেক্টরের উন্নয়নের লক্ষ্যে ৩২৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বুধবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে চলচ্চিত্র তারকা-পরিচালক-প্রযোজক-কলাকুশলীদের আনন্দ র‍্যালির উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। **সূত্র- জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **সংবাদ** (পৃ.২,ক.৫),**নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৮।	করোনা ভাইরাসের ঝুঁকি এড়াতে চীন থেকে ফেরত আসা বাংলাদেশিদের পর্যবেক্ষণে রাখা হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, করোনা ভাইরাসের ঝুঁকি এড়াতে চীনের চলমান ১৪ দিনের নিষেধাজ্ঞা শেষ হওয়ার আগেই যারা বাংলাদেশে ফিরে আসবেন তাদের পর্যবেক্ষণে রাখা হবে। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) ঢাকার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। **সূত্র-ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.৭)।

**৯।	ঢাকা সিটি নির্বাচনের আনুষ্ঠানিক প্রচারণা শেষ হচ্ছে আজ : আজ ভোটকেন্দ্রে যাবে নির্বাচনি মালামাল**

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটির ভোট অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন (ইসি)। আজ (৩০ জানুয়ারি বৃহস্পতিবার) থেকে ভোটকেন্দ্রে যাবে নির্বাচনি মালামাল। ভোটে শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করতে আজ মাঠে নামছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। আনুষ্ঠানিক প্রচার শেষ হচ্চে আজ বৃহস্পতিবার মধ্যরাতে। সব কেন্দ্রে আজ চলবে ইভিএমে ভোট অনুশীলন । এছাড়া ঢাকার দুই সিটির ভোট পর্যবেক্ষণ করবেন ৬৭ জন বিদেশি পর্যবেক্ষক। সিটি নির্বাচন সামনে রেখে ৩১ জানুয়ারি দিবাগত মধ্যরাত ১২টা থেকে ১ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬টা পর্যন্ত বাস, বেবিট্যাক্সি বা অটোরিকশা, ট্যাক্সিক্যাব, মাইক্রোবাস, জিপ, পিকআপ, কার, ট্রাক, টেম্পোসহ অন্যান্য যন্ত্রচালিত যানবাহণ চলাচল বন্ধ থাকবে। মোটরসাইকেল চলাচলে নিষেধাজ্ঞা থাকবে ৩০ জানুয়ারি দিবাগত রাত ১২টা থেকে ২ ফেব্রুয়ারি ৬টা পর্যন্ত। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **বণিক বার্তা** ( শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**১০।	প্রশ্নফাঁসের গুজবে কেউ কান দেবেন না : বাংলাদেশ মেরিন একাডেমির কুচকাওয়াজ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, গতবারের মতো এবারের এসএসসি পরীক্ষায়ও প্রশ্নফাঁসের কোনো ঘটনা ঘটবে না। প্রশ্নফাঁসের গুজবে কেউ কান দেবেন না। কারণ গুজব ছড়িয়ে প্রতারণার ফাঁদ তৈরি করা হয়। এবারের পরীক্ষায় প্রশ্নফাঁস ঠেকাতে সরকার সব ধরনের ব্যবস্থা নিয়েছে। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) বাংলাদেশ মেরিন একাডেমির ক্যাডেটদের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, বাংলাদেশ মেরিন একাডেমি আন্তর্জাতিক সমুদ্রগামী জাহাজ পরিচালনায় বিশ্বমানের মেরিন অফিসার তৈরির জাতীয় প্রতিষ্ঠান। শিপিং এবং মেরিটাইম সেক্টরে এ অঞ্চলে বাংলাদেশ মেরিন একাডেমিকে নলেজ সেন্টার হিসেবে গড়ে তোলা হবে। যুগের সঙ্গে তাল মিলিয়ে এ প্রতিষ্ঠানকে আরও আধুনিকায়ন করার পরিকল্পনা সরকারের রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** ( শেষ পৃ,ক.৩), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.৪)।

**১১।	ছেলেমেয়েদের স্কুলজীবনেই স্বাস্থ্যশিক্ষায় সচেতন করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্কুল জীবনের স্বাস্থ্যশিক্ষায় আরও সমৃদ্ধ ও মানসম্পন্ন একটি স্বাস্থ্য শিক্ষা নির্দেশিকা গাইড সংযুক্ত করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, ছেলেমেয়েদের স্কুল জীবনেই স্বাস্থ্য শিক্ষায় সচেতন করতে হবে। স্কুল জীবনে ছেলেমেয়েরা যা কিছু শেখে সারাজীবন সেগুলোকে কাজে লাগায়। সুতরাং স্কুল জীবনেই ছেলেমেয়েদের স্বাস্থ্য শিক্ষায় সচেতন করে রোগমুক্ত ভবিষ্যৎ গড়তে হবে। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে পরিবার পরিকল্পনা অধিদফতর আয়োজিত ‘স্কুল স্বাস্থ্য সচেতনতার শিক্ষা’শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। **সূত্র-জনকণ্ঠ** (পৃ.১৬,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

**১২। কারসাজি করে চালের বাজার অস্থিতিশীল করলে কঠোর ব্যবস্থা : খাদ্যমন্ত্রী**
**মূল্য নিয়ন্ত্রণে মনিটরিং টিম গঠন করেছে খাদ্য মন্ত্রণালয়**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, ধানের দামের সঙ্গে চালের দামের সামঞ্জস্য থাকতে হবে। কোনোক্রমেই যেন মিল মালিক এবং ব্যবসায়ীরা বাড়তি সুবিধা নিতে না পারে। তিনি আরো বলেন, কেউ কারসাজি করে চালের বাজার অস্থিতিশীল করলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) সচিবালয়ে তিনি এসব কথা বলেন। এছাড়া, তিনি জানান, চালের বাজার নিয়ন্ত্রণে। গতকাল সাতটি মনিটরিং টিম গঠন করেছে খাদ্য মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের চালের বাজার নিয়ন্ত্রণে বিভিন্ন নির্দেশনাও দেন তিনি। **সূত্র-ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

**১৩। দেশে উৎপাদিত দুধেই চাহিদা পূরণ হবে : মুন্সীগঞ্জে প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী**

প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু বলেছেন, বিদেশ থেকে ধীরে ধীরে গুঁড়াদুধ আনা বন্ধ করে দেয়া হবে। দেশে উৎপাদিত দুধ দিয়েই আমাদের চাহিদা পূরণ হবে। সরকার সবদিক থেকে দেশকে স্বাবলম্বী করার চেষ্টা করছে। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার সাতঘরিয়া গ্রামে ডাচ ডেইরি ফার্ম পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, ডেইরি ফার্মের ভবিষ্যৎ উজ্জ্বল। টেকনিক্যাল সাহায্যসহ সরকার এ বিষয়ে ঋণও দিচ্ছে। সাড়ে ৪ হাজার কোটি টাকার একটি প্রজেক্টও চালু করা হয়েছে। যেসব ফার্ম দেশে গড়ে উঠবে এবং যেসব এলাকায় দুধ উৎপন্ন হয় কিন্তু চাষিরা ন্যায্য দাম পান না, তাদের সাহায্য করার জন্যই এ প্রকল্প। **সূত্র-ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.৫)।

**১৪। গভীর সমুদ্রবন্দর হবে মাতারবাড়িতে : মহেশখালীতে নৌ প্রতিমন্ত্রী**

নৌ-পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহ্‌মুদ চৌধুরী বলেছেন, জাপানের অর্থায়নে কক্সবাজারের মহেশখালীর মাতারবাড়িতে নির্মাণ করা হবে গভীর সমুদ্রবন্দর। মাতারবাড়ি পোর্ট ডেভেলপমেন্ট প্রজেক্ট শীর্ষক প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ১৭ হাজার ৭৭৭ দশমিক ১৬ কোটি টাকা। এর মধ্যে জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) ঋণ দিবে ১২ হাজার ৮৯২ দশমিক ৭৬ কোটি টাকা, বাংলাদেশ সরকার এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিজস্ব অর্থ ২ হাজার ২১৩ দশমিক ৯৪ কোটি টাকা। এ প্রকল্পটি বাস্তবায়নের ফলে বাংলাদেশ গভীর সমুদ্রবন্দরের যুগে প্রবেশ করবে বলে তিনি জানিয়েছেন। গতকাল (২৯ জানুয়ারি বুধবার) কক্সবাজারের মহেশখালীর মাতারবাড়িতে গভীর সমুদ্রবন্দর এলাকা পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন। **সূত্র- সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** বর্তমানে রংপুর সিটি করপোরেশনের নিজস্ব কোনো মাঠ নেই উল্লেখ করে দেশের শহরগুলোতে পযাপ্ত খেলার মাঠের ব্যবস্থা করার সুপারিশ।

**খ.** **সমকাল :** রাষ্ট্রায়ত্ত খাতের প্রতিষ্ঠানগুলোর আর্থিক ব্যবস্থাপনায় বড় ধরনের সংস্কার আনার উদ্যোগ সরকার নেয়ায় স্বাগত জানিয়ে সংস্কারের অংশ হিসেবে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানগুলোর খাতভিত্তিক আয়-ব্যয়, জনবল, আর্থিক দুরবস্থার কারণ চিহ্নিত করার যে উদ্যোগ নেয়া হয়েছে তা দ্রুত শেষ করার ওপর গুরুত্বারোপ।

**গ.** **ইনকিলাব :** গত ২৪ ঘন্টায় সারাদেশে সড়ক-মহাসড়কে পরিবহণ দুর্ঘটনায় অন্তত ২০ জনের মৃত্যুর খবর জানা গেছে উল্লেখ করে সড়ক দুর্ঘটনারোধের পাশাপাশি যানজট ও নাগরিক নিরাপত্তা নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন, যুগান্তর** : মৌলভীবাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে শিশুসহ একই পরিবারের পাঁচজনের মর্মান্তিক মৃত্যুর কথা উল্লেখ করে অগ্নিদুর্ঘটনা রোধে সতর্ক ও সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **সংবাদ** : উচ্চমাধ্যমিক স্তরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের পাঠ্যবই অত্যন্ত জটিল ও দুর্বোধ্য বলে অভিযোগ উঠেছে উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

চ. **এশিয়ান এজ :** শিশু ধর্ষণ ও নির্যাতন বেড়েই চলছে উল্লেখ করে শিশুদের নিরাপত্তায় দৃষ্টি দেওয়ার পরামর্শ।

ছ. **ইন্ডিপেনডেন্ট**: নদীর তীর হতে অবৈধভাবে বালু উত্তোলন ঝুঁকিপূর্ণ উল্লেখ করে এব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘মানসিক সুস্বাস্থ্যে নজর দিতে হবে’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, একজন মানসিকভাবে সুস্থ মানুষের পক্ষেই সম্ভব পরিবার, সমাজ এবং রাষ্টের জন্য অবদান রাখা।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা